কোটচাঁদপুরে জাতীয় পল্লী উন্নয়ন দিবস পালিত

‘উন্নত পল্লী, সমৃদ্ধ দেশ সবার আগে বাংলাদেশ’ প্রতিপাদ্যকে সামনে রেখে ঝিনাইদহের কোটচাঁদপুরে যথাযোগ্য মর্যাদায় জাতীয় পল্লী উন্নয়ন দিবস-২০২৬ পালিত হয়েছে।

সোমবার সকালে দিবসটি উপলক্ষে উপজেলা প্রশাসন ও বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি)-এর যৌথ আয়োজনে একটি বর্ণাঢ্য শোভাযাত্রা বের করা হয়। শোভাযাত্রাটি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে উপজেলা পরিষদ চত্বরে এসে শেষ হয়। পরে উপজেলা পরিষদের মিলনায়তন কক্ষে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা নির্বাহী কর্মকর্তা দীপা রানী সরকারের সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভা সঞ্চালনা করেন উপজেলা তথ্য কর্মকর্তা তানিয়া সুলতানা।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য দেন কোটচাঁদপুর উপজেলা বিএনপির সভাপতি আব্দুর রাজ্জাক, সাধারণ সম্পাদক লিয়াকত আলী, জামায়াতের পৌর আমির মোহাদ্দিস আব্দুল কাইয়ুম, কোটচাঁদপুর মডেল থানার অফিসার ইনচার্জ আনসারুল্লাহ, উপজেলা বিআরডিবি কর্মকর্তা শায়লা শারমিন, এনসিপির ঝিনাইদহ-৩ আসনের অ্যাম্বাসেডর হৃদয় আহম্মেদ এবং শেরখালি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আক্কাস আলী।

বক্তারা গ্রামীণ উন্নয়ন, কর্মসংস্থান সৃষ্টি, দারিদ্র্য বিমোচন এবং টেকসই পল্লী উন্নয়নে সরকারের বিভিন্ন উদ্যোগের গুরুত্ব তুলে ধরেন। একই সঙ্গে দেশের সার্বিক উন্নয়নে পল্লী জনগোষ্ঠীর অংশগ্রহণ আরও জোরদারের ওপর গুরুত্বারোপ করেন।

অনুষ্ঠানে বিভিন্ন সরকারি দপ্তরের কর্মকর্তা, জনপ্রতিনিধি, রাজনৈতিক নেতৃবৃন্দ, শিক্ষক, সাংবাদিক, বিআরডিবির সদস্য এবং স্থানীয় গণ্যমান্য ব্যক্তিরা উপস্থিত ছিলেন।

জাতীয় পল্লী উন্নয়ন দিবসে সাংবাদিকদের পক্ষ থেকে বক্তব্য দেন দৈনিক সমকালের কোটচাঁদপুর প্রতিনিধি সুব্রত কুমার, উপকারভোগী আকিমুল ইসলাম, রোজিনা খাতুন।

আলমডাঙ্গায় জাতীয় পল্লী উন্নয়ন দিবস পালিত

আলমডাঙ্গায় যথাযোগ্য মর্যাদায় জাতীয় পল্লী উন্নয়ন (বিআরডিবি) দিবস পালিত হয়েছে। এ উপলক্ষে উপজেলা প্রশাসন ও বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের (বিআরডিবি) উদ্যোগে বর্ণাঢ্য র্যালি ও আলোচনা সভার আয়োজন করা হয়।

সোমবার সকাল ১০টায় উপজেলা পরিষদ চত্বর থেকে একটি র্যালি বের হয়ে শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে উপজেলা মিলনায়তনে গিয়ে শেষ হয়। পরে সেখানে অনুষ্ঠিত আলোচনা সভায় সরকারি কর্মকর্তা, রাজনৈতিক নেতা, সমবায় সদস্য, শিক্ষক, কৃষকসহ বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ অংশ নেন।

উপজেলা বিআরডিবি কর্মকর্তা সেলিম রেজার সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় প্রধান অতিথি ছিলেন চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য অ্যাডভোকেট মাসুদ পারভেজ রাসেল। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন উপজেলা কৃষি কর্মকর্তা কৃষিবিদ মাসুদ হোসেন পলাশ এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা জিয়াউল হক।

এ সময় আরও উপস্থিত ছিলেন উপজেলা জামায়াতের আমির শফিউল আলম বকুল, সেক্রেটারি মামুন রেজা, পৌর আমির মাহের আলী, ইউসিসিএ চেয়ারম্যান শরিফুল ইসলাম, পল্লী সঞ্চয় ব্যাংকের কর্মকর্তা আনোয়ার হোসেন, ক্রীড়া সংগঠক শরিফুল ইসলাম পিন্টু, ৬ নম্বর পৌর ওয়ার্ডের সেক্রেটারি আক্রার উজ্জামান দুলু, ৭ নম্বর ওয়ার্ড আমির আব্দুর রহিম শহিদুলসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিরা।

প্রধান অতিথির বক্তব্যে সংসদ সদস্য মাসুদ পারভেজ রাসেল বলেন, “১৯৫৯ সালে ড. আখতার হামিদ খান পল্লী উন্নয়ন ও সমবায় কার্যক্রমের ভিত্তি গড়ে তোলেন। এর লক্ষ্য ছিল গ্রামের মানুষের জীবনমান উন্নয়ন এবং আত্মনির্ভরশীল সমাজ গড়ে তোলা। সরকার গ্রামীণ অর্থনীতি শক্তিশালী করতে সমবায়ভিত্তিক উন্নয়ন কার্যক্রম আরও সম্প্রসারণে কাজ করছে।”

উপজেলা কৃষি কর্মকর্তা কৃষিবিদ মাসুদ হোসেন পলাশ বলেন, “আধুনিক কৃষি ব্যবস্থাপনা, প্রযুক্তিনির্ভর চাষাবাদ এবং সমবায়ভিত্তিক উদ্যোগ গ্রামের অর্থনীতিকে আরও শক্তিশালী করতে পারে। উৎপাদন খরচ কমানো ও বাজার ব্যবস্থাপনা সহজ করতে সম্মিলিত উদ্যোগের কোনো বিকল্প নেই।”

বক্তারা বলেন, পল্লী উন্নয়নে সমবায়, ক্ষুদ্র সঞ্চয়, কৃষি প্রশিক্ষণ ও সচেতনতামূলক কার্যক্রম গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। এর মাধ্যমে গ্রামের মানুষ ধীরে ধীরে স্বাবলম্বী হয়ে উঠছেন।

অনুষ্ঠানে অংশ নেওয়া কয়েকজন গ্রামবাসী বলেন, আগে গ্রামের মানুষ শুধু কৃষির ওপর নির্ভরশীল ছিলেন। এখন সঞ্চয়, প্রশিক্ষণ ও সমবায় কার্যক্রমের মাধ্যমে অনেকে নতুনভাবে আত্মনির্ভরশীল হওয়ার সুযোগ পাচ্ছেন। তারা রাস্তাঘাট, সেচব্যবস্থা ও কৃষিপণ্যের ন্যায্যমূল্য নিশ্চিত করার পাশাপাশি তরুণদের কর্মসংস্থানে সরকারি সহায়তা বৃদ্ধির দাবি জানান।

শেষে পল্লী উন্নয়ন ও গ্রামীণ জনগোষ্ঠীর টেকসই অগ্রগতিতে সম্মিলিত উদ্যোগ অব্যাহত রাখার আহ্বানের মধ্য দিয়ে অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করা হয়।

মেহেরপুরে জাতীয় পল্লী উন্নয়ন দিবসে র্যালি ও আলোচনা সভা

‘উন্নত পল্লী, সমৃদ্ধ দেশ, সবার আগে বাংলাদেশ’ প্রতিপাদ্যে মেহেরপুরে জাতীয় পল্লী উন্নয়ন দিবস উপলক্ষে র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

সোমবার সকালে জেলা প্রশাসন ও বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি), মেহেরপুরের আয়োজনে এ কর্মসূচি অনুষ্ঠিত হয়।

এ উপলক্ষে জেলা প্রশাসক শিল্পী রানী রায়ের নেতৃত্বে জেলা প্রশাসকের কার্যালয় চত্বর থেকে একটি বর্ণাঢ্য র্যালি বের হয়।

র্যালিটি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে একই স্থানে এসে শেষ হয়। এতে সরকারি কর্মকর্তা, জনপ্রতিনিধি, শিক্ষার্থী ও বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ অংশ নেন।

পরে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত আলোচনা সভায় সভাপতির বক্তব্যে জেলা প্রশাসক শিল্পী রানী রায় বলেন, “প্রশিক্ষণের পর নিয়মিত ফলোআপ নিশ্চিত করতে হবে এবং প্রশিক্ষণার্থীদের উদ্যোক্তা হিসেবে গড়ে তুলতে হবে। কৃষকদের প্রযুক্তিনির্ভর চাষাবাদে উদ্বুদ্ধ করে সারের ব্যবহার কমিয়ে ফসলের উৎপাদন বৃদ্ধির বিষয়ে বাস্তবভিত্তিক ধারণা দিতে হবে।”

সদর উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা রাকিবুল ইসলামের সঞ্চালনায় অনুষ্ঠিত সভায় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন অতিরিক্ত পুলিশ সুপার আতিকুল হক ও সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা বাবলু সূত্রধর। স্বাগত বক্তব্য দেন জেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা আব্দুল আলিম।

এ সময় জেলা বিএনপির নেতৃবৃন্দ, বিভিন্ন সরকারি দপ্তরের কর্মকর্তা, জনপ্রতিনিধি এবং বিভিন্ন শ্রেণি-পেশার প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।

ঝিনাইদহে বিশ্ব তামাকমুক্ত দিবসের র্যালি ও আলোচনা সভা

‘প্রলোভনের মুখোশ উন্মোচন করি, তামাক ও নিকোটিনের আসক্তি প্রতিরোধ করি’ এ প্রতিপাদ্যকে সামনে রেখে ঝিনাইদহে বিশ্ব তামাকমুক্ত দিবস পালন করা হয়েছে।

বুধবার (৩ জুন) সকালে জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে থেকে একটি বর্ণাঢ্য র্যালি বের করা হয়। র্যালিটি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে একই স্থানে এসে শেষ হয়। পরে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয় আলোচনা সভা।

জেলা প্রশাসনের আয়োজনে অনুষ্ঠিত সভায় বক্তব্য দেন জেলা প্রশাসক

নোমান হোসেন, পুলিশ সুপার মাহফুজ আফজাল, জেলা পরিষদের প্রশাসক অ্যাডভোকেট এম এ মজিদ, সিভিল সার্জন ডা. মো. কামরুজ্জামান এবং ঝিনাইদহ প্রেসক্লাবের সভাপতি আসিফ ইকবাল মাখনসহ অন্যান্যরা।

সেসময় বক্তারা বলেন, তামাক ও নিকোটিনের আসক্তি জনস্বাস্থ্যের জন্য একটি বড় হুমকি। বিশেষ করে তরুণ সমাজকে এ আসক্তি থেকে দূরে রাখতে সচেতনতা বৃদ্ধি এবং তামাক নিয়ন্ত্রণ আইন কার্যকর বাস্তবায়নের ওপর গুরুত্বারোপ করেন তারা। পাশাপাশি তামাকমুক্ত সমাজ গঠনে সকলের সম্মিলিত উদ্যোগের আহ্বান জানান বক্তারা।

অনুষ্ঠানে সরকারি বিভিন্ন দপ্তরের কর্মকর্তা, স্বাস্থ্য বিভাগের প্রতিনিধিসহ বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ অংশ নেন।

মেহেরপুরে জিয়াউর রহমানের ৪৫তম শাহাদাত বার্ষিকীতে পৌর বিএনপির আলোচনা সভা

মহান স্বাধীনতার ঘোষক, বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) এর প্রতিষ্ঠাতা ও শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান বীর উত্তমের ৪৫তম শাহাদাত বার্ষিকী উপলক্ষে মেহেরপুর পৌর বিএনপির আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শনিবার সন্ধ্যায় মেহেরপুর পৌর বিএনপির উদ্যোগে এ আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে সভাপতির বক্তব্য রাখেন জেলা বিএনপির সাবেক যুগ্ম আহ্বায়ক ও মেহেরপুর সরকারি কলেজের সাবেক ভিপি জাহাঙ্গীর বিশ্বাস। তিনি তাঁর বক্তব্যে শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের কর্মময় জীবন, দেশপ্রেম, বহুদলীয় গণতন্ত্র প্রতিষ্ঠা এবং দেশের উন্নয়নে তাঁর অবদানের কথা স্মরণ করেন।

তিনি বলেন, জিয়াউর রহমান ছিলেন একজন দূরদর্শী রাষ্ট্রনায়ক, যিনি দেশের স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন

করেছেন। তাঁর আদর্শ অনুসরণ করেই বিএনপির নেতাকর্মীরা দেশের মানুষের কল্যাণে কাজ করে যাচ্ছে।

আলোচনা সভা শেষে শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের রুহের মাগফিরাত কামনা করে বিশেষ দোয়া ও মোনাজাত অনুষ্ঠিত হয়। এসময় পৌর বিএনপি ও অঙ্গসংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

মুজিবনগরে ‘সুজন’ এর উপজেলা কমিটি গঠন ও আলোচনা সভা

মুজিবনগরে সুশাসনের জন্য নাগরিক (সুজন) এর উপজেলা কমিটি গঠন ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। শনিবার সকাল ১১টায় মুজিবনগর উপজেলা পরিষদ হলরুমে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বীর মুক্তিযোদ্ধা সাবদার আলী। প্রধান আলোচক হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা সুজনের সাধারণ সম্পাদক মুজাহিদ মুন্না ও অর্থ সম্পাদক সাইদুর রহমান।

এছাড়াও আমন্ত্রিত অতিথিদের মধ্যে উপস্থিত ছিলেন বর্ষীয়ান শিক্ষক মোয়াজ্জেম হোসেন, দারিয়াপুর মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক ও সাবেক চেয়ারম্যান আব্দুল লতিফ মোল্লা, মুজিবনগর সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক মোকাদ্দেস হোসেন ও রোকসানা খাতুন, আদর্শ মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক আবুল কালাম আজাদ, শিক্ষক মোহাব্বত আলী, শিক্ষক আবদুল আলিম, আমিন ডায়াগনস্টিক সেন্টারের স্বত্বাধিকারী ডা. গোলাম মোস্তফা, সমাজকর্মী ও রাজনীতিবিদ মাহফুজুর রহমান গোলাম, আব্দুর রাজ্জাক, এনজিও ব্যক্তিত্ব বুলবুল আহমেদ, নারী প্ল্যাটফর্মের সদস্য নাজমা খাতুন, অবসরপ্রাপ্ত সেনা সদস্য সেলিম গাজী, ক্রীড়া ব্যক্তিত্ব শামীম শিশির, এজি চার্চ মণ্ডলির সদস্য ডেভিড, ডনসন মণ্ডল, তন্ময় মণ্ডল এবং ইউপি সদস্য সিরাজুল ইসলামসহ বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ।

আলোচনা সভায় বক্তারা রাষ্ট্রের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ, স্বচ্ছ নির্বাচন ব্যবস্থা প্রতিষ্ঠা এবং উপজেলার

উন্নয়নে সকলের অংশীদারিত্ব নিশ্চিত করার ওপর গুরুত্বারোপ করেন। তারা সুশাসন প্রতিষ্ঠায় নাগরিক সমাজের সক্রিয় ভূমিকার প্রয়োজনীয়তার কথাও তুলে ধরেন।

পরে উপস্থিত সকলের মতামতের ভিত্তিতে মুজিবনগর উপজেলা সুজনের সভাপতি হিসেবে ওয়াজেদ আলী খাঁন এবং সাধারণ সম্পাদক হিসেবে সানোয়ার হোসেন ডালিম বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হন।

নবনির্বাচিত সভাপতি ওয়াজেদ আলী খাঁন আগামী এক মাসের মধ্যে পূর্ণাঙ্গ কমিটি গঠনের অঙ্গীকার ব্যক্ত করেন।

বিশ্ব মেট্রোলজি দিবস উপলক্ষে কুষ্টিয়ায় আলোচনা সভা অনুষ্ঠিত

বিশ্ব মেট্রোলজি দিবস উপলক্ষে কুষ্টিয়ায় আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

বুধবার সকাল ১১টায় বিএসটিআই আঞ্চলিক কার্যালয়, কুষ্টিয়ার উদ্যোগে এবং জেলা প্রশাসকের কার্যালয়, কুষ্টিয়ার সহযোগিতায় জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জাতীয় মান সংস্থা বিএসটিআই’র উদ্যোগে বিশ্বব্যাপী পালিত হচ্ছে “বিশ্ব মেট্রোলজি দিবস-২০২৬”। এবারের প্রতিপাদ্য নির্ধারণ করা হয়েছে “Metrology: Building Trust in Policy Making”, যার বাংলা প্রতিপাদ্য “নীতি নির্ধারণ প্রক্রিয়ায় আস্থা নির্মাণে মেট্রোলজি”।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কুষ্টিয়ার অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট জাহাঙ্গীর আলম।

সভায় সভাপতিত্ব করেন বিএসটিআই আঞ্চলিক কার্যালয়, কুষ্টিয়ার উপপরিচালক (রসায়ন) ও অফিস প্রধান প্রদীপ কুমার মালো।

বিশ্ব মেট্রোলজি দিবস উপলক্ষে আয়োজিত এ অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন কুষ্টিয়ার অতিরিক্ত পুলিশ সুপার শিকদার মো. হাসান ইমাম, ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সহকারী পরিচালক মাসুম আলী, বিসিক কুষ্টিয়ার ডিজিএম আশানুজ্জামান মুকুল, চালকল মালিক সমিতির সাধারণ সম্পাদক জয়নাল আবেদীনসহ বিভিন্ন দপ্তরের কর্মকর্তা, ব্যবসায়ী, শিক্ষার্থী ও সুধীজন।

বক্তারা বলেন, আধুনিক বিশ্বে সঠিক পরিমাপ ব্যবস্থা বা মেট্রোলজি শিল্প, বাণিজ্য, স্বাস্থ্যসেবা, প্রযুক্তি ও নীতি নির্ধারণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। নির্ভুল মান নিয়ন্ত্রণ নিশ্চিতের মাধ্যমে ভোক্তাদের অধিকার রক্ষা এবং টেকসই অর্থনৈতিক উন্নয়নে মেট্রোলজির অবদান অপরিসীম।

তারা আরও বলেন, আন্তর্জাতিক মানসম্পন্ন পণ্য উৎপাদন ও বাজারজাতকরণে বিএসটিআই গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করে যাচ্ছে। জনসচেতনতা বৃদ্ধি এবং মানসম্মত সেবা নিশ্চিত করতে সরকারি-বেসরকারি সব প্রতিষ্ঠানের সমন্বিত উদ্যোগ প্রয়োজন।

বক্তারা বিশ্ব মেট্রোলজি দিবসের প্রতিপাদ্যের গুরুত্ব তুলে ধরে বলেন, নীতি নির্ধারণ প্রক্রিয়ায় আস্থা তৈরি করতে নির্ভুল তথ্য ও মানসম্মত পরিমাপ ব্যবস্থা অত্যন্ত জরুরি। একটি আধুনিক ও উন্নত রাষ্ট্র গঠনে মেট্রোলজির কার্যকর প্রয়োগ সময়ের দাবি।

মেহেরপুরে ভূমি সেবা সপ্তাহ উপলক্ষে র্যালি ও আলোচনা সভা

মেহেরপুরে ভূমি সেবা সপ্তাহ উপলক্ষে বর্ণাঢ্য র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার সকাল ১০টায় মেহেরপুর জেলা প্রশাসকের কার্যালয় প্রাঙ্গণ থেকে একটি র্যালি বের করা হয়।

র্যালিটি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে মেহেরপুর সদর উপজেলা সহকারী কমিশনার (ভূমি) কার্যালয়ে গিয়ে শেষ হয়। পরে সেখানে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় সভাপতিত্ব করেন মেহেরপুরের জেলা প্রশাসক শিল্পী রানী রায়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা পরিষদের প্রশাসক জাবেদ মাসুদ মিল্টন, অতিরিক্ত জেলা প্রশাসক পার্থ প্রতীম শীল, তাহওয়ার আকরাম সাকাফি ইবনে সাজ্জাদসহ বিভিন্ন সরকারি কর্মকর্তা ও সুধীজন।

বক্তারা বলেন, ভূমি সেবাকে আরও সহজ, দ্রুত ও জনবান্ধব করতে সরকার বিভিন্ন উদ্যোগ গ্রহণ করেছে। এসময় তারা জনগণকে ভূমি সংক্রান্ত সেবা গ্রহণে সচেতন হওয়ার আহ্বান জানান।

মেহেরপুরে বিশ্ব অটিজম সচেতনতা দিবস পালন

মেহেরপুরে জেলা প্রশাসন ও জেলা সমাজসেবা অধিদপ্তরের যৌথ আয়োজনে “অটিজম কোনো সীমাবদ্ধতা নয়, প্রতিটি জীবনই মূল্যবান” এই স্লোগানকে সামনে রেখে ১৯তম বিশ্ব অটিজম সচেতনতা দিবস উপলক্ষে র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার (১৩ মে) সকালে মেহেরপুর জেলা প্রশাসন ও জেলা সমাজসেবা অধিদপ্তরের যৌথ আয়োজনে জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে থেকে একটি বর্ণাঢ্য র্যালি বের হয়ে শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ শেষে একই স্থানে এসে শেষ হয়। পরে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে “বিশ্ব অটিজম সচেতনতা দিবস” উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে মেহেরপুর জেলা সমাজসেবা অধিদপ্তরের উপ-পরিচালক মোঃ আশাদুল ইসলামের সভাপতিত্বে এবং জেলা সমাজসেবা অধিদপ্তরের অফিসার কাজী আবুল মনসুরের (রেজি.) সঞ্চালনায় প্রধান অতিথি ও বিশেষ অতিথিরা বিশ্ব অটিজম সচেতনতা দিবসের তাৎপর্য তুলে ধরেন। এসময় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক শিল্পী রানী রায়।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পুলিশ সুপার উজ্জ্বল কুমার রায় এবং সিভিল সার্জন ডা. এ কে এম আবু সাঈদ।

এছাড়াও উপস্থিত ছিলেন মেহেরপুর পৌর সমাজসেবা কর্মকর্তা সোহেল মাহমুদ, সদর উপজেলা সমাজসেবা কর্মকর্তা মোঃ আনিসুর রহমান, মেহেরপুর জেলা মানব উন্নয়ন কেন্দ্র (মউক), মুজিবনগর সামাজিক উন্নয়ন সংস্থা, মেহেরপুরসহ বিভিন্ন স্বেচ্ছাসেবী সংগঠনের প্রতিনিধিরা।

গ্লোবাল অ্যাকশন সপ্তাহ উপলক্ষে আমঝুপিতে আলোচনা সভা ও পুরস্কার বিতরণ

শিক্ষা বিষয়ক গ্লোবাল অ্যাকশন সপ্তাহ উদযাপন উপলক্ষে মেহেরপুরের আমঝুপিতে আলোচনা সভা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার (২৮ এপ্রিল) সকাল ১০টার দিকে মানব উন্নয়ন কেন্দ্রের (মউক) হলরুমে এ আয়োজন করা হয়।

গণসাক্ষরতা অভিযানের সহযোগিতায় আয়োজিত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মউকের নির্বাহী প্রধান আশাদুজ্জমান সেলিম। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রাথমিক শিক্ষা অফিসার সুকুমার মিত্র। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন জেলা শিক্ষা অফিসার (ভারপ্রাপ্ত) আবদুর রাহীম, আমঝুপি কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের সভাপতি অধ্যাপক সাইদুর রহমান, আমদহ কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের সভাপতি রুহুল আমীন এবং সাবেক কাউন্সিলর আব্দুর রহিম।

অনুষ্ঠানে গ্লোবাল অ্যাকশন সপ্তাহের বিভিন্ন বাস্তবায়িত কার্যক্রম তুলে ধরে প্রবন্ধ উপস্থাপন করেন মউকের প্রোগ্রাম ম্যানেজার কাজল রেখা। বক্তারা মেহেরপুর জেলার প্রাথমিক শিক্ষার সার্বিক চিত্র তুলে ধরেন। বিশেষ করে বিদ্যালয়ে শিক্ষার্থীদের অনুপস্থিতি, বাল্যবিয়ে এবং ঝুঁকিপূর্ণ কাজে শিশুদের সম্পৃক্ততা নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

এছাড়া শিক্ষার্থীদের পাঠদানের মানোন্নয়নে বিশেষ করে রিডিং

দক্ষতা বাড়ানোর ওপর গুরুত্বারোপ করেন বক্তারা।

আলোচনা সভা শেষে কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের আওতাধীন বিভিন্ন বিদ্যালয়ের শিক্ষার্থীদের অংশগ্রহণে আয়োজিত গণিত উৎসবের বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন মানবাধিকার কর্মী সাদ আহাম্মদ।